

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আভ্যন্তরীণ সম্পদ বিভাগ
[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

ঢাকা, ৯ই শ্রাবণ, ১৪০০ বাৎ/২৪শে জুলাই, ১৯৯৩ইং

SRO নং ১৪৫-আইন/৯৩/৭৯-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার বাংলাদেশ নৌ-বাহিনীর সমুদ্রগামী জাহাজের কর্মকর্তা ও নাবিকদের ভোগের নিমিত্তে Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর Heading No. 24.02 এবং উহার H.S. Code 2402.20.00 এর আওতাভুক্ত তামাকের তৈরী সিগারেটকে উহার উপর আরোপীয় সমুদ্রয় মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক হইতে নিম্নবর্ণিত শর্তাধীনে এতদদ্বারা অবাহতি প্রদান করিলেনঃ-

শর্তাবলীঃ-

- (ক) করমুক্ত সিগারেট গ্রহণকল্পে নৌ-বাহিনীর সংশ্লিষ্ট জাহাজের অধিনায়ক বা নৌবাহিনীর সদর দপ্তরের উপযুক্ত কর্তৃপক্ষ সিগারেট সরবরাহকারীর নিকট ফরমায়েশকৃত সিগারেটের ব্রাড এবং পরিমাণ উল্লেখপূর্বক এই মর্মে প্রত্যয়নপত্র প্রদান করিবেন যে, উক্ত সিগারেট তাহার অধীনস্থ সমুদ্রগামী জাহাজের কর্মকর্তা ও নাবিকদের ভোগের (ধূমপানের) জন্য বিতরণ করা হইবে;
- (খ) উক্ত প্রত্যয়ন পত্রের একটি অনুলিপি সরবরাহকারীর কার্যালয় যে এলাকায় অবস্থিত উক্ত এলাকার উপর এখতিয়ার সম্পন্ন সংশ্লিষ্ট আবগারী ও ভ্যাট কর্মকর্তার নিকট প্রেরণ করিতে হইবে;
- (গ) সরবরাহকারী, সিগারেটের প্রতিটি শলা, প্যাকেট ও পার্সেলের গায়ে "Duty Free for B.N. Ships" শব্দগুলি স্পষ্ট অক্ষরে মুদ্রণ করিবেন;
- (ঘ) সরবরাহকারী প্রতিমাসে সরবরাহকৃত সিগারেটের ব্রাডভিত্তিক পরিমাণ, উহার উপর আরোপীয় মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্কের পরিমাণ সম্বলিত একটি বিবরণী উক্ত মাসের পরবর্তী মাসের দশ তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকটপ্রেরণ করিবেন।

২। এই প্রজ্ঞাপন ১৭ই আষাঢ়, ১৪০০ মোতাবেক ১লা জুলাই, ১৯৯৩ইং তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ডঃ আকবর আলি খান

সচিব।